

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ টেলিভিশন
সদর দপ্তর
রামপুরা, ঢাকা-১২১৯

“বাংলাদেশ টেলিভিশন বিতর্ক প্রতিযোগিতা নিয়মাবলী ২০১৮”

১.০ উপক্রমণিকা

বাংলাদেশ টেলিভিশন (বিটিভি) একমাত্র রাষ্ট্রীয় অডিও ভিজুয়াল গণমাধ্যম। জনগণের নিকট তথ্য প্রদান, শিক্ষার প্রসার, সরকারি উন্নয়নমূলক কর্মকাণ্ডে জনগণকে উদ্বুদ্ধকরণ ও নির্মল আনন্দ প্রদান এ চারটি মূল লক্ষ্যকে সামনে রেখে এ প্রতিষ্ঠান অনুষ্ঠান প্রচার করে থাকে। তারই অংশ হিসেবে বিটিভি যুক্তি ও প্রযুক্তি নির্ভর মেধাবী প্রজন্ম সৃষ্টির প্রয়াসে মাধ্যমিক থেকে বিশ্ববিদ্যালয় পর্যায় পর্যন্ত ছাত্রছাত্রীদের মধ্যে বাংলা ও ইংরেজি ভাষায় বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করে থাকে। বিভিন্ন ক্যাটাগরিতে বিতর্ক প্রতিযোগিতা সূচ্য, নিয়মতান্ত্রিক ও নিয়মিতভাবে আয়োজন ও সম্প্রচার করার নিমিত্ত এ নিয়মাবলী প্রণয়ন করা হলো।

২.০ শিরোনাম

এ নিয়মাবলী “বাংলাদেশ টেলিভিশন বিতর্ক প্রতিযোগিতা নিয়মাবলী ২০১৮” নামে অভিহিত হবে।

৩.০ বিতর্ক প্রতিযোগিতার ক্যাটাগরি

নিম্নলিখিত কয়েকটি ক্যাটাগরিতে বিতর্ক প্রতিযোগিতা নিয়মিত আয়োজন ও সম্প্রচার করা হবে :

- ৩.১ বাংলাদেশ টেলিভিশন স্কুল বিতর্ক প্রতিযোগিতা : মাধ্যমিক পর্যায়ের ছাত্রছাত্রীদের অংশগ্রহণে বাংলা ভাষায় এ বিতর্ক প্রতিযোগিতা আয়োজন করা হবে;
- ৩.২ বাংলাদেশ টেলিভিশন কলেজ বিতর্ক প্রতিযোগিতা : উচ্চ মাধ্যমিক পর্যায়ের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে এ বিতর্ক প্রতিযোগিতা আয়োজন করা হবে;
- ৩.৩ বাংলাদেশ টেলিভিশন জাতীয় বিতর্ক প্রতিযোগিতা : পাবলিক বিশ্ববিদ্যালয়ের স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে অধ্যয়নরত ছাত্রছাত্রীদের অংশগ্রহণে বাংলা ভাষায় এ বিতর্ক প্রতিযোগিতা আয়োজন করা হবে;
- ৩.৪ বাংলাদেশ টেলিভিশন ইংলিশ পার্লামেন্টারি ডিবেট কম্পিটিশন (Bangladesh Television English Parliamentary Debate Competition) : রাজধানী ঢাকাসহ সব জেলায় অবস্থিত প্রতিষ্ঠিত/ঐতিহ্যবাহী স্কুলের ইংলিশ ভার্সন শাখা ও ইংরেজি মাধ্যম স্কুলের A/O লেভেল পর্যায়ের ছাত্রছাত্রীদের অংশগ্রহণে ইংরেজি ভাষায় বিতর্ক প্রতিযোগিতা আয়োজন করা হবে;
- ৩.৫ অন্যান্য বিতর্ক প্রতিযোগিতা : বাংলাদেশ টেলিভিশনে গৃহীত বিভিন্ন প্রকল্পের অর্থায়নে বাংলা ভাষায় বিভিন্ন পর্যায়ের ছাত্রছাত্রীদের অংশগ্রহণে বিশেষ ইস্যুভিত্তিক বিতর্ক প্রতিযোগিতা আয়োজন করা হবে।

৪.০ বিতর্ক প্রতিযোগিতার জন্য দল বাছাইকরণ

- ৪.১ বিটিভি ওয়েবসাইট, বিটিভি স্ক্রল ও বিটিভি ফেইসবুক প্রভৃতির মাধ্যমে আগ্রহী শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে বিতর্ক প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আহ্বান জানানো হবে;
- ৪.২ অংশগ্রহণকারী দলগুলো থেকে বিটিভিতে সম্প্রচারের জন্য মানসম্পন্ন দলগুলো বাছাইকরণের জন্য একটি বাছাই কমিটি করা হবে।

৬

কমিটির কাঠামো নিম্নরূপ:

ক) উপ-মহাপরিচালক(অনুষ্ঠান)	সভাপতি
খ) পরিচালক (অনুষ্ঠান)	সদস্য
গ) জেনারেল ম্যানেজার	সদস্য
ঘ) প্রোগ্রাম ম্যানেজার (বিতর্ক)	সদস্য
ঙ) দায়িত্বপ্রাপ্ত প্রযোজক	সদস্য সচিব

৫.০ বিতর্কে অংশগ্রহণের জন্য আবেদন প্রক্রিয়া

- ৫.১ বিটিভির ওয়েবসাইটে একটি নির্দিষ্ট ফরম সংরক্ষিত থাকবে;
- ৫.২ আগ্রহী শিক্ষা প্রতিষ্ঠান/বিতার্কিক দলকে সংশ্লিষ্ট আবেদন ফরমে অনলাইনে আবেদন করতে হবে;
- ৫.৩ অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিশেষ কোন প্রমাণক থাকলে আবেদনে উল্লিখিত ঠিকানায় মেইলযোগে পাঠাতে হবে।

৬.০ বিতর্কের বিষয় নির্ধারণ

- ৬.১ বিটিভি কর্তৃক গঠিত নির্ধারিত কমিটির (অনুচ্ছেদ ৪.২-এ গঠিত) সুপারিশকৃত বিষয়াবলি নিয়ে মহাপরিচালকের অনুমোদনের সাপেক্ষে বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে;
- ৬.২ সমসাময়িক বিষয়াবলিও বিতর্কের বিষয় হিসেবে অন্তর্ভুক্ত করা যাবে;
- ৬.৩ প্রণীত/নির্ধারিত বিষয়াবলি রাষ্ট্রের ইতিহাস, ঐতিহ্য, স্বাধীনতা ও সংবিধানের সহিত সঙ্গতিপূর্ণ হতে হবে;
- ৬.৪ চরিত্রগঠন, জাতিগঠন ও উন্নয়নমূলক বিষয়াবলি এতে অন্তর্ভুক্ত থাকবে;
- ৬.৫ কোনভাবেই মুক্তিযুদ্ধের চেতনা, স্বাধীনতা, সংবিধান, রাষ্ট্রীয় মূলনীতি ও বিটিভির মূল উদ্দেশ্যের সহিত অসঙ্গতিপূর্ণ, সাংঘর্ষিক বিষয়াবলি অন্তর্ভুক্ত করা যাবে না।

৭.০ বিতর্ক প্রতিযোগিতার বিচারক নির্ধারণ

- ৭.১ কলেজ-বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, জাতীয় দৈনিকের সাংবাদিক, বরেন্দ্র প্রাক্তন বিতার্কিক, ব্যবসা, বাণিজ্য, সাহিত্য, শিল্প ও সাংস্কৃতিক কর্মকাণ্ডে খ্যাতিমান জাতীয় ব্যক্তিত্ব, জনপ্রশাসনে কর্মরত পদস্থ কর্মকর্তাবৃন্দ বিতর্কের বিচারক হিসেবে অংশগ্রহণ করতে পারবেন;
- ৭.২ বিচারক নির্ধারণে সাবেক বিতার্কিকদের অগ্রাধিকার দিতে হবে;
- ৭.৩ বিচারকদের ভাষাজ্ঞান ও নির্ধারিত বিষয়ের উপর জ্ঞান ও অভিজ্ঞতা থাকা আবশ্যিক;
- ৭.৪ ন্যূনপক্ষে সহকারী অধ্যাপক, স্টাফ রিপোর্টার/উপ-সম্পাদক, উপ-সচিব, সুপ্রিম কোর্টের আইনজীবী পর্যায়ের সম্মানিত ব্যক্তিবর্গ বিচারক হিসেবে অংশগ্রহণ করতে পারবেন;
- ৭.৫ যোগ্যতা ও অভিজ্ঞতা যাই থাকুক না, ফৌজদারি মামলায় অভিযুক্ত, চাকুরি থেকে বরখাস্তকৃত ব্যক্তি, জাতীয় দৈনিক ও সোশ্যাল মিডিয়ায় বিরূপ খবর প্রচারিত হয়েছে এমন ব্যক্তিগণকে বিচারক হিসেবে আমন্ত্রণ জানানো যাবে না।

cb

